

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২০২০-২০২১ অর্থ বছরের বাজেটের জুলাই/২০২০ হতে জানুয়ারী/২০২১ মাস পর্যন্ত ০৭ (সাত) মাসের  
আয়ের লক্ষ্যমাত্রার অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতিকুল ইসলাম, মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।  
সভার স্থান : নগর ভবন, লেভেল-৮, মেয়র মহোদয়ের সম্মেলন কক্ষ।  
সভার তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার, সকাল ১১.৩০ ঘটিকা।  
উপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার প্রারম্ভে ডিএনসিসি'র ট্যাক্স বৃদ্ধি না করে রাজস্ব আদায়ের পরিধি অর্থাৎ  
কর পরিধি বৃদ্ধি করার জন্য আহ্বান জানিয়ে সভা শুরু করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন যে, বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব  
আয় অর্জন অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ বাজেটের আয় অনুযায়ী খাত ভিত্তিক রাজস্ব ও উন্নয়ন ব্যয় করা হয়। রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা  
অর্জিত না হলে ব্যয় করা সম্ভব হয় না। ফলশ্রুতিতে নাগরিক সেবা প্রদান ব্যাহত হয়। তিনি আলোচ্যসূচী অনুযায়ী রাজস্ব বিভাগের  
আওতাধীন খাতওয়ারী লক্ষ্যমাত্রা এবং প্রকৃত আয় সম্পর্কে প্রধান রাজস্ব কর্মকর্তাকে এবং রাজস্ব আয় বাজেটের অন্যান্য আয়ের বিষয়ে  
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে উপস্থাপনের জন্য অনুরোধ করেন।  
প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন যে, রাজস্ব বিভাগের আওতাধীন বাজেটে রাজস্ব আয় খাত হচ্ছে ১০টি। তিনি খাত ভিত্তিক লক্ষ্যমাত্রা  
আদায় এবং পরবর্তী করণীয় বিষয়ে আলোচনা করেন।

|                   |   |                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     |
|-------------------|---|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| আলোচ্যসূচী-<br>০১ | ৪ | রাজস্ব বিভাগের আওতাধীন ১০টি খাতে আদায় অগ্রগতি।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     |
| আলোচনা            | ৪ | <p><b>কর (হোল্ডিং, পরিচ্ছন্ন ও লাইটিং): অর্থ বছর ২০২০-২০২১</b></p> <p>বাৎসরিক লক্ষ্যমাত্রা : ৪০০.০০ কোটি টাকা</p> <p>জুলাই/২০ – জানুয়ারি/২১ পর্যন্ত লক্ষ্যমাত্রা : ২৩৩.৩৩ কোটি টাকা</p> <p>জুলাই/২০ – জানুয়ারি/২১ পর্যন্ত আদায় : ২২৩.২৭ কোটি টাকা</p> <p>আদায়ের হার : ৫৫.৮২ %</p> <p>কর পর্যালোচনা পরিষদে পেন্ডিং মামলা : ৮,১০৪টি</p> <p>আপিল আদালতে পেন্ডিং আপীল মামলা : ৯১১ টি</p> <p>জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে পেন্ডিং মামলা : ১৭২ টি</p> <p>উচ্চ/নিম্ন আদালতে চলমান মামলা : ৩৫ টি</p> <p>সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত হোল্ডিং এর বকেয়া : ৬৭.০০ কোটি টাকা</p> <p>অঞ্চল ভিত্তিক আদায়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। তিনি বলেন যে নবসৃষ্ট ওয়ার্ডে ট্যাক্স আদায়ের ক্ষেত্রে<br/>রাজস্ব বিভাগের জনবলের অপ্রতুলতা রয়েছে। তিনি রাজস্ব বিভাগের প্রয়োজনীয় জনবল প্রদানের অনুরোধ জানান।<br/>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত ১৮টি ওয়ার্ডসহ মোট ৫৪টি ওয়ার্ডে এলাকাভিত্তিক ভাড়ার হার (Rate<br/>Chart) ডিএনসিসি'র ওয়েব সাইটে দেয়া আছে।</p> <p><b>বাজার সালামী: অর্থ বছর ২০২০-২০২১</b></p> <p>বাৎসরিক লক্ষ্যমাত্রা : ০.২৫ (পঁচিশ লক্ষ) টাকা।</p> <p>জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা : ০.১৫ (পনের লক্ষ) টাকা</p> <p>জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায় : ০.০২ (দুই লক্ষ) টাকা।</p> <p>আদায়ের হার : ৮ %</p> <p><b>বাজার ভাড়া: অর্থ বছর ২০২০-২০২১</b></p> <p>বাৎসরিক লক্ষ্যমাত্রা : ১০.০০ কোটি টাকা</p> <p>জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা : ৫.৮৩ কোটি টাকা</p> |



|                                        |   |                |
|----------------------------------------|---|----------------|
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায় | : | ৪.৯৮ কোটি টাকা |
| আদায়ের হার                            | : | ৪৯.৮০ %        |

ডিএনসিসি'র পুরাতন ৯টি মার্কেট পরিত্যক্ত এবং ঝুঁকিপূর্ণ হওয়ায় বাজার ভাড়া আদায় বন্ধ রাখার সুপারিশ করা হয়েছে। সভায় জানানো হয়, ঝুঁকিপূর্ণ মার্কেটসমূহ যে কোন মুহূর্তে ধ্বংস যেতে পারে। এতে ডিএনসিসি'র সুনাম ক্ষুণ্ণ হবে। পরিত্যক্ত এবং ঝুঁকিপূর্ণ ঘোষিত মার্কেটগুলো পুনঃনির্মাণ করার আহ্বান জানানো হয়। ক্ষতিগ্রস্ত মার্কেটগুলোর বরাদ্দপ্রাপ্ত দোকান মালিকগণকে সম্ভব হলে আলাদা জায়গায় সাময়িক ভাবে স্থানান্তর করা এবং মার্কেট নির্মানের পর পুনরায় পূর্ণবাসন করার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানানো হয়।

#### ট্রেড লাইসেন্স: অর্থ বছর ২০২০-২০২১

|                                               |   |                  |
|-----------------------------------------------|---|------------------|
| বাৎসরিক লক্ষ্যমাত্রা                          | : | ১০০.০০ কোটি টাকা |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা | : | ৫৮.৩৩ কোটি টাকা  |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায়        | : | ৪৭.২৬ কোটি টাকা  |
| আদায়ের হার                                   | : | ৪৭.২৬ %          |

সভায় জানানো হয়, রাজস্ব পরিষি বৃদ্ধির লক্ষ্যে ডিএনসিসি'র অধিক্ষেত্রভুক্ত ব্যবসা প্রতিষ্ঠানের “ট্রেড লাইসেন্স” করার লক্ষ্যে অভিযান অব্যাহত রাখা হচ্ছে। প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, সরকার কর্তৃক নির্ধারিত আবাসিক এলাকায় ব্যবসা প্রতিষ্ঠানে ডিএনসিসি কর্তৃক “ট্রেড লাইসেন্স” ইস্যু করা হচ্ছে না। অথচ আবাসিক এলাকায় বিভিন্ন প্রতিষ্ঠান ব্যবসা করেই চলেছে। আবাসিক এলাকার ব্যবসা প্রতিষ্ঠানের বর্জ্য প্রতিদিন পরিষ্কার এবং নির্ধারিত ল্যান্ডফিলে অপসারণ করতে হচ্ছে। এক্ষেত্রে জনবলের মজুরী, বর্জ্য পরিষ্কার মালামাল, জ্বালানী ইত্যাদি খাতের ব্যয় নির্বাহ ডিএনসিসিকে করতে হচ্ছে। তাই এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগে এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষকে পত্র দেয়া যেতে পারে।

#### রিক্সা লাইসেন্স: অর্থ বছর ২০২০-২০২১

|                                               |   |                |
|-----------------------------------------------|---|----------------|
| বাৎসরিক লক্ষ্যমাত্রা                          | : | ০.২০ কোটি টাকা |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা | : | ০.১২ কোটি টাকা |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায়        | : | ০০.০০          |
| আদায়ের হার                                   | : | ০০.০০          |

নতুন কোন “রিক্সা লাইসেন্স” প্রদান করা হয় নাই। তাছাড়া প্রতি দুবছর অন্তর অন্তর রিক্সা লাইসেন্স নবায়ন করা হয়ে থাকে। তখন কি আদায় করা হয়।

#### সম্পত্তি হস্তান্তর কর: অর্থ বছর ২০২০-২০২১

|                                               |   |                  |
|-----------------------------------------------|---|------------------|
| বাৎসরিক লক্ষ্যমাত্রা                          | : | ৩০০.০০ কোটি টাকা |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা | : | ১৭৫.০০ কোটি টাকা |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায়        | : | ৯৯.৬০ কোটি টাকা  |
| আদায়ের হার                                   | : | ৩৩.২০ %          |

কোভিড-১৯ উপলক্ষ্যে রেজিস্ট্রি অফিসে জমি এবং প্লট/ফ্ল্যাট হস্তান্তর দলিল কম রেজিস্ট্রি হওয়ায় লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয় নাই।

#### প্রমোদ কর:

|                                               |   |                |
|-----------------------------------------------|---|----------------|
| বাৎসরিক লক্ষ্যমাত্রা                          | : | ২.৫০ কোটি টাকা |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা | : | ১.৪৬ কোটি টাকা |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায়        | : | ০.৫৫ কোটি টাকা |
| আদায়ের হার                                   | : | ২২ %           |



|                                                                                                                                    |                   |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------|
| <b>নগর ট্যাক্স:</b>                                                                                                                |                   |
| বাৎসরিক লক্ষ্যমাত্রা                                                                                                               | : ১.০০ কোটি টাকা  |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা                                                                                      | : ০.৫৮ কোটি টাকা  |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায়                                                                                             | : ০০.০০ কোটি টাকা |
| আদায়ের হার                                                                                                                        | : ০০.০০           |
| ডিএনসিসির অধিক্ষেত্রভুক্ত এলাকায় পাঁচ তারা/তিন তারা হোটেল এবং গেষ্ট হাউজের তালিকা প্রনয়ণ এবং মামলা নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। |                   |
| <b>বিজ্ঞাপন:</b>                                                                                                                   |                   |
| বাৎসরিক লক্ষ্যমাত্রা                                                                                                               | : ১৫.০০ কোটি টাকা |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা                                                                                      | : ৮.৭৫ কোটি টাকা  |
| জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায়                                                                                             | : ১১.০২ কোটি টাকা |
| আদায়ের হার                                                                                                                        | : ৭৩.৪৭ %         |

|               |   |                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                   |
|---------------|---|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| আলোচ্যসূচি-০২ | : | ডিএনসিসির ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব আয় বাজেটের মোট ২৪টি খাতের জুলাই, ২০২০ হতে জানুয়ারী, ২০২১ মাস পর্যন্ত ৭ (সাত) মাসের আয়ের লক্ষ্যমাত্রার অগ্রগতি এবং বিবিধ বিষয়ে আলোচনা।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                   |
| আলোচনা        | : | <p>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ২০২০-২০২১ অর্থ বছরে রাজস্ব বাজেটের</p> <p>২৪টি খাতের মোট রাজস্ব আয়ের বাজেট : ৯৬১.৬৫ কোটি টাকা</p> <p>জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা : ৫৬০.৮৮ কোটি টাকা</p> <p>জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায় : ৪৩২.৯৯ কোটি টাকা</p> <p>আদায়ের হার : ৪৫.০৩ %</p> <p>প্রকল্প ব্যতিত নিজস্ব আয়ের বাজেট লক্ষ্যমাত্রা : ১১২৩.৬৫ কোটি টাকা</p> <p>জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা : ৬৫৫.৩৭ কোটি টাকা</p> <p>জুলাই/২০ হতে জানু/২১ মাস পর্যন্ত আদায় : ৪৫২.৬৮ কোটি টাকা</p> <p>আদায়ের হার : ৪০.২৯ %</p> <p>তিনি বলেন, হোল্ডিং কর পুনঃমূল্যায়ন (General Re-assessment) করা হলে ডিএনসিসির রাজস্ব আয় বহুগুণ বৃদ্ধি পাবে।</p> |

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত                                                                                                                                                                                                                              | বাস্তবায়ন                                                  |
|------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------|
| ১.   | যে সকল বাড়ীঘর/ব্যবসা প্রতিষ্ঠান/অবকাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে কিন্তু হোল্ডিং কর ধার্য হয় নাই ঐ সমস্ত বাড়ি-ঘর/ব্যবসা প্রতিষ্ঠান সনাক্ত করে প্রতিটি এলাকা ভিত্তিক ভাড়ার হার (Rate Chart) অনুসারে যথাযথভাবে হোল্ডিং করের আওতার আনা। | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ২.   | প্রত্যেক ওয়ার্ডের বড় বড় করখেলাপী হোল্ডিং মালিকদের তালিকা সংশ্লিষ্ট সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর সাহেবদের নিকট প্রেরণ করতে হবে এবং ওয়ার্ড কাউন্সিলরদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয় রেখে কর আদায় জোরদার করা করতে হবে।          |                                                             |
| ৩.   | হোল্ডিং করসহ অন্যান্য অনাদায়ী ট্যাক্স আদায়ের নোটিশ প্রদান এবং সম্মানীত                                                                                                                                                               |                                                             |



|     |                                                                                                                                                                                                                                                                                               |                                                                           |
|-----|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------|
|     | কাউন্সিলিংয়ের কার্যালয়ের অথবা সুবিধাজনক স্থানে রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।                                                                                                                                                                                                      |                                                                           |
| ৪.  | বিভিন্ন অঞ্চলে কর পর্যালোচনা পরিষদ (Assessment Review Board) এর নিকট আপীল সংক্রান্ত বিষয়ে নিষ্পত্তির লক্ষ্যে সম্মানিত কাউন্সিলার এবং সংশ্লিষ্ট কর্মকর্তার সমন্বয়ে একটি “ওয়ার্ক সপ” এর ব্যবস্থা গ্রহণ।                                                                                      |                                                                           |
| ৫.  | যে সমস্ত ফ্ল্যাটে/ভবনের মালিক নিজে বসবাস করেন না কিন্তু হোল্ডিং কর ধারের সময় নিজে বসবাস করেন দেখিয়ে ৪০% কম হোল্ডিং কর সুবিধা নিয়েছেন তা বাতিল করা।                                                                                                                                         |                                                                           |
| ৬.  | ডিএনসিসি’র অধিক্ষেত্রে পাঁচতারা/তিনতারা হোটেল এবং এবং পেন্টহাউজের তালিকা প্রনয়ণপূর্বক “নগর ট্যাক্স” আদায়ের কোন মামলা চলমান থাকলে তাঁর তালিকা প্রনয়ন করে সমস্যা দ্রুত নিরসনের উদ্যোগের ব্যবস্থা গ্রহণ।                                                                                      |                                                                           |
| ৭.  | হোল্ডিং কর ধারের বিষয়ে কোটে মামলা-জনিত কারণে যে সমস্ত করদাতার নিকট হতে রাজস্ব কর আদায় করা সম্ভব হচ্ছে না, তার একটি তালিকা প্রণয়ন করা এবং আইন বিভাগে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা।                                                                                                   |                                                                           |
| ৮.  | অতিরিক্ত বিভাগীয় কমিশনার আদালতে কোন অঞ্চলের কতটি আপিল পেভিং আছে তার তালিকা তৈরী করে দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ করতে হবে।                                                                                                                                                                       |                                                                           |
| ৯.  | প্রতিদিনের আদায়কৃত হোল্ডিং ট্যাক্স এবং লাইসেন্স ফির আদায়কৃত অর্থ ব্যাংকে জমা প্রদান এবং সপ্তাহে একদিন পূর্বের জমাকৃত টাকার ব্যাংক স্টেটমেন্ট এবং চালানের সাথে যাচাই করে দেখতে হবে।                                                                                                          |                                                                           |
| ১০. | রাজস্ব সুপারভাইজার এবং লাইসেন্স সুপারভাইজার এর কর/ফি আদায়ের ব্যবহৃত রশিদ বহি শেষ হলে, নতুন রশিদ বহি ইস্যু করার ক্ষেত্রে পূর্বের ব্যবহৃত রশিদ বহির টাকা ব্যাংকে জমা হয়েছে কিনা তা নিশ্চিত করা।                                                                                               |                                                                           |
| ১১. | যে সমস্ত ব্যবসা প্রতিষ্ঠান ট্রেড লাইসেন্স ছাড়া ব্যবসা করছে তাদেরকে ট্রেড লাইসেন্সের আওতায় বাধ্যতামূলক নিয়ে আসার ব্যবস্থা করা।                                                                                                                                                              |                                                                           |
| ১২. | ট্রেড লাইসেন্স যথাসময়ে নবায়ন না হলে তাদের এলাকা ভিত্তিক তালিকা তৈরী করতঃ ট্রেড লাইসেন্স নবায়নের যথাযথ ব্যবস্থা করা এবং প্রয়োজনে মামলা করা। রাজস্ব পরিষি বৃদ্ধির জন্য ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে করের আওতায় নিয়ে আসার লক্ষ্যে মোবাইল কোর্ট/চিহ্নী অভিযান অব্যাহত রাখা। |                                                                           |
| ১৩. | হোল্ডিং কর ধার্য সংক্রান্ত বিষয়ে অডিট আপত্তি থাকিলে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা।                                                                                                                                                                                          |                                                                           |
| ১৪. | অনুমোদনবিহীন সাইন বোর্ড, সপ সাইন, প্রজেক্ট সাইন ইত্যাদিকে ১লা মার্চ হতে মোবাইল কোর্ট উচ্ছেদ অভিযানের মাধ্যমে অপসারণ করার ব্যবস্থা গ্রহণ                                                                                                                                                       | প্রধান রাজস্ব কর্মকর্তা,                                                  |
| ১৫. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বকেয়া কর, রেইট, টোল, ফি এবং অন্য কোন কর আদায়ের জন্য প্রেক্ষার নোটিশ প্রদান করে বকেয়া কর, রেইট, টোল, ফি এবং অন্য কোন কর আদায়ের ব্যবস্থা গ্রহণ করা।                                                                                                     | সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,<br>নির্বাহী ম্যাজিস্ট্রেট           |
| ১৬. | ২০২০-২০২১ অর্থ বছরে সৌন্দর্য বৃদ্ধিকরন খাতের বাজেট ৫.০০ (পাঁচ কোটি) টাকা বৃদ্ধি করে মোট ৫.৫০ (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা সংশোধিত বাজেটে বরাদ্দ রাখা এবং বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা।                                                                                                     | প্রধান প্রকৌশলী,<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা                           |
| ১৭. | পুরাতন পরিত্যক্ত এবং ব্যাকপূর্ণ মার্কেটগুলোর বিষয়ে প্রকৌশল বিভাগ, সম্পত্তি বিভাগ, রাজস্ব বিভাগ এবং আইন বিভাগের সমন্বয়ে একটি সভার ব্যবস্থা গ্রহণ।                                                                                                                                            | প্রধান প্রকৌশলী,<br>প্রধান সম্পত্তি কর্মকর্তা,<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ১৮. | ডিএনসিসির অধিক্ষেত্রভূক্ত এলাকায় পাঁচ তারা/চার তারা/তিন তারা হোটেল এবং পেন্ট হাউজের তালিকা প্রনয়ণ করা এবং রাজস্ব আদায়ের ক্ষেত্রে কোন                                                                                                                                                       | প্রধান রাজস্ব কর্মকর্তা,<br>সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,         |



|     |                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     |                                  |
|-----|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------|
|     | মামলা থাকলে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                  | বিজ্ঞ আইন কর্মকর্তা              |
| ১৯. | সরকার কর্তৃক নির্ধারিত আবারিক এলাকায় ডিএনসিসি কর্তৃক ট্রেড লাইসেন্স ইস্যুর লক্ষ্যে বিস্তারিত তুলে ধরে স্থানীয় সরকার এবং রাজধানী কর্তৃপক্ষকে পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ।                                                                                                                                                                                                                                                         | প্রধান রাজস্ব কর্মকর্তা          |
| ২০. | হোল্ডিং কর ধার্যের পর যে সমস্ত করদাতা এসেসসমেন্ট রিভিউ বোর্ড (এআরবি) এ কর ধার্যে বিরুদ্ধে আপিল করেছেন তা দ্রুত নিষ্পত্তি করা এবং কর পর্যালোচনা পরিষদ (Assessment Review Board) কর্তৃক মূল্যায়নের সিদ্ধান্তের ৭৫% ডিএনসিসি'র সংশ্লিষ্ট তহবিলে জমা প্রদান করে পরবর্তীতে ঢাকা বিভাগীয় কমিশনারের নিকট আপীল করা এবং ঢাকা বিভাগীয় কমিশনারের নিকট পেটিং আপীলসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কমিশনারের বরাবর পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ। |                                  |
| ২১. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে কর পুনর্মূল্যায়নের লক্ষ্যে সিটি কর্পোরেশনসমূহের (কর) বিধি, অনুযায়ী হোল্ডিং কর পুনঃমূল্যায়ন (General Re-assessment) করার অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে ডিও প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।                                                                                                                                                                            |                                  |
| ২২. | সংশ্লিষ্ট সকল বিভাগের আওতাধীন রাজস্ব আয় খাতের লক্ষ্যমাত্রা অনুযায়ী আয়ের উদ্যোগের ব্যবস্থা গ্রহণ।                                                                                                                                                                                                                                                                                                                                 | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা |

সভাপতি সবাইকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ আতিকুল ইসলাম)

মেয়র


ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১০.০০০০.০২৫.৯৯.৯৪০.২০২১-৬৫৫৫

তারিখঃ ১৮/০৫/২০২১খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। সম্মানিত কাউন্সিলর সাধারণ ওয়ার্ড নং-----/সং রক্ষিত আসন নং-----ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। বিভাগীয় প্রধান (সকল)-----ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-----ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (পৌর কর/বাজার) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৯। কর কর্মকর্তা (সকল), অঞ্চল-----ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ১০। অফিস কপি।



(বেহুল হোসেন মিয়া)

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অঃ দাঃ)

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন